

AKASHVANI (Kolkata)
Regional News Unit

Date: 28-10-2025

Time : 1-40 PM

DEO : KB

Desk in Charge : Kalyan Laha

Compiling : K. L. / Prajesh B.

NR : Ranjana C.

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

নির্বাচন কমিশন, 'বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচি'- SIR ঘোষণা করার পর
সেব্যাপারে অবগত করতে পশ্চিমবঙ্গের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ
আগরওয়াল আজ এক সর্বদলীয় বৈঠক দেকেছেন। বিকেল চারটেয় মুখ্য নির্বাচনী
আধিকারিকের দপ্তরে ঐ বৈঠকে যোগদানের জন্য জাতীয় ও রাজ্য স্তরের ৮ টি স্বীকৃত
রাজনৈতিক দলকে আমন্ত্রণ জানানো হয়েছে। এর মধ্যে আছে, জাতীয় স্তরের ৬ টি
রাজনৈতিক দল BJP, কংগ্রেস, CPI(M), AAP, BSP ও NPP এবং রাজ্য স্তরে দুটি
দল তৃণমূল কংগ্রেস ও ফরোয়ার্ড ব্লক।

এদিকে মনোজ আগরওয়াল আগামীকাল রাজ্যের সব জেলা নির্বাচনী
আধিকারিক, বিধানসভা কেন্দ্রের ইআরও, এইআরও এবং বুথ লেভেল
আধিকারিকদের সঙ্গে বৈঠকে বসতে চলেছেন। ভার্চুয়াল এই বৈঠকে উপস্থিত থাকার
জন্যে সব জেলাশাসকদের পাশাপাশি মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের অন্য
আধিকারিকদের নির্দেশ দেওয়া হয়েছে বলে সিইও দপ্তর সূত্রে জানা
গিয়েছে। পাশাপাশি বুথ লেভেল আধিকারিকদের নিরাপত্তার বিষয়টি খতিয়ে দেখতে
ভারতীয় নির্বাচন কমিশন আলাদাভাবে তাদের সঙ্গে বৈঠকে বসবে বলেও জানা
গেছে।

১০০ দিনের কাজ নিয়ে সুপ্রিমকোর্টের নির্দেশের প্রেক্ষিতে এই সংক্রান্ত মামলায় আজ কলকাতা হাইকোর্টের দৃষ্টি আকর্ষণ করেন ক্ষেত্রমজুর ইউনিয়নের আইনজীবীরা। গতকাল সুপ্রিমকোর্ট ১০০ দিনের কাজ শুরু করতে নির্দেশ দেওয়ার পরেও সংশ্লিষ্ট বিষয়ে আরও কিছু আর্জি নিয়ে আইনজীবীরা দ্রুত শুনানির আবেদন জানান। ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি স্মিতা দাস দের ডিভিশন বেঞ্চের দৃষ্টি আকর্ষণ করেন তারা। বিচারপতি সুজয় পালের ডিভিশন বেঞ্চ ৭ নভেম্বর মামলাটির শুনানির আশ্বাস দেন।

উল্লেখ্য গত ১৮ জুন কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির বেঞ্চে কেন্দ্রকে পয়লা অগাস্ট থেকে পশ্চিমবঙ্গে একশো দিনের কাজ শুরু করতে নির্দেশ দেয়। কিন্তু কেন্দ্র সেই নির্দেশের বিরুদ্ধে ৩১ জুলাই সুপ্রিমকোর্টে আপিল করলে, গতকাল শীর্ষ আদালত তা খারিজ করে দেয়।

আর্থিক তচ্ছুল্পের মামলায় এনফোর্সমেন্ট নির্দেশালয়-ইডি আজ সকাল থেকে বেলেঘাটায় একটি বাড়িতে তল্লাশি শুরু করেছে। হেমচন্দ্র নক্ষর রোডের এই বাড়ির দুই ভাই বিশ্বজিত ও রণজিত চৌধুরী, একজন বন্ত্র ও অন্যজন নার্মাণ ব্যবসায়ী। ইডির আধিকারিকদের পাশাপাশি কেন্দ্রীয় বাহিনীও তল্লাশির সময়ে রয়েছে। তল্লাশি চলছে প্রিসেপ ঘাটের একটি অফিসেও।

দক্ষিণ ২৪ পরগনার কাকদীপে কালীমূর্তি ভাঙার ঘটনায় প্রতিবাদ মিছিল করতে চেয়ে হাইকোর্টের দ্বারা হয়েছে বিজেপি। আগামী ৩ নভেম্বর প্রতিবাদ মিছিলের অনুমতি চেয়ে বিচারপতি শুভ্রা ঘোষের দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি মামলা দায়েরের অনুমতি দিয়েছেন। চলতি সংগ্রহেই মামলার শুনানি।

অন্যদিকে এই ঘটনায় সিবিআই তদন্তের আর্জি জানিয়ে হাইকোর্টে জনস্বার্থ মামলা দায়ের করেছে বিশ্বহিন্দু পরিষদ। শীঘ্ৰই সেই মামলারও শুনানির সম্ভাবনা ভাৰপ্রাপ্ত প্ৰধান বিচারপতি সুজয় পালেৱ ডিভিশন বেঞ্চে।

বৰ্ধমান মেডিকেল কলেজ হাসপাতালে রোগীনীৰ মেয়েৰ শ্লীলতাহানি ও নিগ্ৰহেৱ অভিযোগে এক ওয়াৰ্ডবয়কে গ্ৰেপ্তাৰ কৱা হয়েছে। অভিযুক্ত ধৃত বিশ্বজিৎ দে ওৱফে বাঙ্গাকে বৰ্ধমান শহৱেৱ বাবুৱবাগ কালীতলা থেকে গতকাল গ্ৰেপ্তাৰ কৱা হয়। সে ওই হাসপাতালে ২১ বছৰ ধৰে কৰ্মৱত।

পুলিশ ও হাসপাতাল সুত্রে জানা গেছে, রবিবাৰ বিকেলে ওই হাসপাতালে চিকিৎসাধীন মায়েৰ কাছে থাকাৰ সময় বিশ্বজিৎ ঘৰে চুকে তাঁৰ শ্লীলতাহানি ও নিগ্ৰহ কৱে। ঘটনার দিনই মহিলা এনিয়ে পুলিশে অভিযোগ দায়েৱ কৱেন। তাৰ ভিত্তিতে মামলা রঞ্জু কৱে তদন্তে নামে পুলিশ।

ধৃতকে গতকাল বৰ্ধমান সিজেএম আদালতে পেশ কৱা হলে দুদিনেৱ পুলিশি হেফাজতেৱ নিৰ্দেশ দেওয়া হয়েছে।

ছট মহাপৰ্বেৱ চতুৰ্থ দিনে আজ উদীয়মান সূৰ্যেৱ প্ৰতি অৰ্প্য নিবেদন কৱা হয়েছে। ৩৬ ঘন্টা নিৰ্জলা উপবাসেৱ পৱ প্ৰসাদ গ্ৰহণেৱ মধ্যে দিয়ে হয় এই ব্ৰতেৱ সমাপ্তি।

পূৰ্ব বৰ্ধমানেৱ কাটোয়ায় ভাগীৱথীৰ দেৰৱাজ ঘাটে ছট পুজো চলাকালীন স্নান কৱতে নেমে দুই ভাই-এৱ তলিয়ে যাওয়াৰ ঘটনায় চাপ্পল্য ছড়িয়েছে। ২০ বছৰেৱ শিভম সাউ ও ২৩ বছৰেৱ সুজন সাউ বাবা ও কাকাৰ সঙ্গে ছট পুজোৱ আচাৰ পালনেৱ পৱ গঙ্গায় স্নান কৱতে নামেন। হঠাৎই পা পিছলে জলেৱ গভীৱে তলিয়ে যান তাৱা। তাঁদেৱ সন্ধানে তলাশি চলছে।

অন্যদিকে, মুর্শিদাবাদের সুতিতে ছটপুজোয় যোগ দিতে গিয়ে গঙ্গায় তলিয়ে নিখোঁজ হয়েছে বছর ১৬-র এক কিশোর। আজ ভোরবেলায় ছট পুজো চলাকালীন পরিবারের অন্যান্য সদস্যদের সঙ্গে গঙ্গায় স্নান করতে নামে সুতির বারঝিপাড়ার কিশোর বুবাই দত্ত। অসাবধানে পা পিছলে গভীর জলে তলিয়ে যায় সে। ঘাটে উপস্থিত মানুষজন চেষ্টা করলেও তাকে উদ্ধার করা সম্ভব হয়নি। খবর দেওয়া হয়েছে সুতি থানায়, স্থানীয় মাঝি ও লোকজন গঙ্গা বন্ধে তল্লাশি করছে।

জগন্নাত্রী পুজোর আজ সপ্তমী। হগলির চন্দননগর সহ বিভিন্ন এলাকায় বিপুল উৎসাহ উদ্বৃত্তির মধ্য দিয়ে এই পুজোর আয়োজন করা হয়েছে। নজরকাড়া আলোকসজ্জা, প্রতিমা ও মন্ত্র সজ্জা দেখতে ষষ্ঠী থেকেই দর্শনার্থীদের ভিড় চোখে পড়ছে। এই পুজো উপলক্ষে চন্দননগরে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে। মোতায়েন রয়েছে প্রচুর সংখ্যক পুলিশকর্মী। নিয়ন্ত্রণ করা হচ্ছে যান চলাচল।

এদিকে নদীয়ার কৃষ্ণনগর, শান্তিপুরেও জগন্নাত্রী পুজোর আয়োজন করা হয়েছে। রবীন্দ্রভবনে কৃষ্ণনগর পুলিশের পক্ষ থেকে গতকাল পুজোর গাহিড় ম্যাপ প্রকাশ করেন মন্ত্রী উজ্জ্বল বিশ্বাস। (এদিন রবীন্দ্রভবনে পুলিশের পদস্থ কর্তাদের উপস্থিতিতে পুজো কমিটির সঙ্গে সমন্বয় বৈঠক অনুষ্ঠিত হয়।)

কলকাতাতেও অনেক স্থানে মূলত নবমীর দিন সপ্তমী, অষ্টমী, নবমীর পুজো সম্পন্ন হয়।

বেলুড় মঠের সারদা পীঠে ও জয়রামবাটি মাতৃমন্দিরে যথাবিহিত ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে জগন্নাত্রী পুজোর আয়োজন করা হয়েছে।

অনেক গৃহস্থের বাড়িতেও আয়োজন করা হয়েছে এই পুজোর।

সুপার কাপ ফুটবলে আজ ইস্টবেঙ্গল ও মোহনবাগান সুপার জায়ান্ট ফের একই দিনে
মাঠে নামছে। ইস্টবেঙ্গল, চেন্নাইয়িন এফসির বিরুদ্ধে খেলবে। গোয়ার বাস্বোলিমের
জিএমসি স্টেডিয়ামে খেলা শুরু হবে বিকেল সাড়ে চারটেয়। অপর ম্যাচে মোহনবাগান
সুপারজায়ান্ট, ডেম্পোর মুখোমুখি হবে। গোয়ার ফতোরদা স্টেডিয়ামে খেলা শুরু হবে
সন্ধ্যা সাড়ে সাতটায়। ইস্টবেঙ্গল প্রথম ম্যাচে ডেম্পোর সঙ্গে ২-২ গোলে ড্র করেছে।
মোহনবাগান প্রথম ম্যাচে ২-০ গোলে চেন্নাইয়িনকে হারিয়ে দিয়েছে।

ইডেনে চারদিনের রনজি ট্রফির ম্যাচের আজ শেষ দিনে বাংলার বিরুদ্ধে গুজরাট
দ্বিতীয় ইনিংসে মধ্যাহ্ন বিরতিতে তিন উইকেটে ১০৪ রান করেছে।
জিততে হলে আরো ২২৩ রান তাদের করতে হবে।
